

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৩৬৮

১৫/ विधि-विधान ও विठात (اكتاب الأحكام عن رسول الله الله عن رسول الله عن رسول الله الله عن رسول الله الله الله عن رسول الله الله عن رسول الله الله الله عن رسول الله عن الل

পরিচ্ছেদঃ কেউ যদি তার অধিকারভুক্ত গোলামদের মৃত্যুর সময় আযাদ করে দেয় এবং তা ছাড়া তার যদি অন্য কোন সম্পদ না থাকে।

باب مَا جَاءَ فِيمَنْ يُعْتِقُ مَمَالِيكَهُ عِنْدَ مَوْتِهِ وَلَيْسَ لَهُ مَالٌ غَيْرُهُمْ

আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ، حَدَّثَنَا حَمَّادُ بِنُ زَيْدٍ، عَنْ أَيُّوبَ، عَنْ أَبِي قِلاَبَةَ، عَنْ أَبِي الْمُهَلَّبِ، عَنْ عِمْرَانَ بْنِ حُصَيْنٍ، أَنَّ رَجُلاً، مِنَ الْأَنْصَارِ أَعْتَقَ سِتَّةَ أَعْبُدِ لَهُ عِنْدَ مَوْتِهِ وَلَمْ يَكُنْ لَهُ مَالٌ غَيْرُهُمْ فَبَلغَ ذَلِكَ النَّبِيَّ صلى الله عليه وسلم فَقَالَ لَهُ قَوْلاً شَدِيدًا ثُمَّ دَعَاهُمْ فَجَزَّأَهُمْ مَالٌ غَيْرُهُمْ فَبَلغَ ذَلِكَ النَّبِيَّ صلى الله عليه وسلم فَقَالَ لَهُ قَوْلاً شَدِيدًا ثُمَّ دَعَاهُمْ فَجَزَّأَهُمْ ثُمَّ أَقْرَعَ بَيْنَهُمْ فَأَعْتَقَ اثْنَيْنِ وَأَرَقَّ أَرْبَعَةً . وَقَدْ رُوكِيَ مِنْ غَيْرِ وَجُهٍ عَنْ عِمْرَانَ بْنِ حُصَيْنٍ حَديثُ عِمْرَانَ بْنِ حُصَيْنٍ حَديثُ عِمْرَانَ بْنِ حُصَيْنٍ حَديثُ حَسَنٌ صَحِيحٌ . وَالْعَمَلُ عَلَى هَذَا عِنْدَ بَعْضِ أَهْلِ الْعِلْمِ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صلى الله عَلى وسلم وَغَيْرِهِمْ وَهُو قَوْلُ مَالِكُ وَالشَّافِعِيّ وَأَحْمَدَ وَإِسْحَاقَ يَرَوْنَ اسْتِعْمَالَ الْقُرْعَةِ عليه وسلم وَغَيْرِهِمْ وَهُو قَوْلُ مَالِكُ وَالشَّافِعِيّ وَأَحْمَدَ وَإِسْحَاقَ يَرَوْنَ اسْتِعْمَالَ الْقُرْعَةِ وَعَيْرِهِمْ فَلَمْ يَرَوْنَ السَّعِعْمَالَ الْقُرْعَةِ فِي هَذَا وَفِي غَيْرِهِمْ وَهُو قَوْلُ مَالِكُ وَالشَّافِعِيّ وَأَحْمَدَ وَإِسْحَاقَ يَرَوْنَ اسْتِعْمَالَ الْقُرْعَةِ وَعَيْرِهِمْ فَلَمْ يَرَوْنَ السَّعِعْمَالَ الْقُرْعَةِ وَعَيْرِهِمْ فَلَمْ يَرُونَ السَّعِعْمَالَ الْقُرْعَةِ وَغَيْرِهُمْ فَكَمْ وَلَهُ مَنْ عُمْرُو الْجَرْمِيُّ وَهُو غَيْرُ أَبِي قِلاَبَةَ وَيُقَالُ مُعَاوِيَةُ بْنُ عُمْرُو . وَأَبُو قِلاَبَةَ وَيُقَالُ مُعَاوِيَةُ بْنُ عَمْرُو . وَأَبُو قِلاَبَةً الشَّهُ عَبْدُ اللَّهُ بْنُ وَيُدُ اللَّهِ بْنُ خَيْرُ أَبِي قِلاَبَةً وَيُقَالُ مُعَاوِيَةُ بْنُ عُمْرُو . وَأَبُو قِلاَبَةً وَيُقَالُ مُعَاوِيَةً بْنُ عَمْرُو . وَأَبُو قِلاَبَةً عَنْدُ اللَّهِ بْنُ خَيْدُ اللَّهُ بْنُ وَيْدِ . .

বাংলা

১৩৬৮. কুতায়বা (রহঃ) ইমরান ইবনু হুসায়ন রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন যে, জনৈক আনসারী মৃত্যুর সময় তার ছয়জন ক্রীতদাস আযাদ করে দেয়। তা ছাড়া তার আর কোন সম্পদ ছিল না। বিষয়টি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে পৌছলে তিনি তার সম্বন্ধে খুবই কঠোর ভাষা প্রয়োগ করেন। এরপর তিনি গোলামদের ডাকলেন এবং এদের তিন ভাগ করে তাদের মাঝে লটারী দিলেন। অনন্তর এতদনুসারে দুইজনকে আযাদ করে দিলেন এবং চারজনকে গোলাম হিসাবে বাকী রাখলেন। - ইবনু মাজাহ ২৩৪৫, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ১৩৬৪ [আল মাদানী প্রকাশনী]



এই বিষয়ে আবৃ হুরায়রা থেকেও হাদীস বর্ণিত আছে। ইমাম আবৃ ঈসা (রহঃ) বলেন, ইমরান ইবনু হুসায়ন রাদিয়াল্লাহু আনহু এর হাদীসটি হাসান-সহীহ। এটি ইমরান ইবনু হুসায়ন রাদিয়াল্লাহু আনহু থেকে একাধিক সূত্রে বর্ণিত আছে। কতক আলিম, এতদনুসারে আমল করেছেন। এ হল মালিক ইবন আনাস, শাফিঈ, আহমাদ ও ইসহাক (রহঃ)-এর অভিমত। এই ক্ষেত্রে এবং অন্যান্য বিষয়ে ও তারা লটারী দিয়ে বস্তু নির্বাচন জায়েয বলে মনে করেন।

কতক কুফাবাসী ও অপরাপর আলিম এই ক্ষেত্রে লটারী পদ্ধতিকে জায়েয়ে মনে করেন না। তারা বলেন, এই ক্ষেত্রে প্রতিজন গোলামেরই এক তৃতীয়াংশ আযাদ হয়ে যাবে। অপর দুই তৃতীয়াংশের মূল্য পরিশোধের জন্য প্রয়াস পাবে। রাবী আবূল মুহাল্লাব (রহঃ) এর নাম হল আবদুর রহমান ইবনু আমর। বর্ণনান্তরে তাকে মুআবিয়া ইবনু আমরও বলা হয়।

English

Narrated 'Imran bin Husain:

"A Man from the Ansar freed six slaves of his upon his death, and he did not have any wealth aside from them. That was conveyed to the Prophet (ﷺ), and he said some harsh words about him." He said: "Then he called for them and he divided them and had them draw lots. So he freed two of them and left four as slaves."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ ইমরান ইবনু হুসায়ন (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন